



## শঙ্কর গৃহনিয়োগীর জগ্ন্য

বিশ্রী হাওয়াল বন্ধের হাপর টেনে টেনে বারোমাস  
শঙ্করবাবু, আমরা বইছি সচেতনতার লাস ।

ও-ঘরে নাচছে ভিডিও ক্যাসেটে ডানাকাটা এক পরী  
এ-ঘরে তর্ক পেরেশ্বরকা রাস্তায় বলহারি ।  
মণ্ডে কোথাও ঝঞ্জাট নেই অনেকেই চূপচাপ  
মানুষের দশা দেখে এমনকি অবাক বাস্তুসাপ ।  
ব্যালটবাক্সে গাচ্ছিত আছে গণতন্ত্রের দেনা  
শঙ্কর গৃহনিয়োগী ভোটের তালিকায় থাকবে না ।

হে-দেশ আমার হে-নরক তোর দোহাই পেড়েই বলি  
নাম পাল্টিয়ে নাম রাখ তোর খুনের চোরাগলি,  
চোরাপথে নয় রাজপথ দিয়ে পালিয়ে গিয়েছে স্মৃতি  
ভুলে গেছি সব মনে রাখি শূন্য রবি-নজরুলগীতি,  
মনে রাখি কিছুর গণসংগীত দায়বন্ধের দেনা  
শঙ্কর গৃহনিয়োগীর নামে কেন দায় জাগলে না ।

দায়গুলো আজ দায়সারা বড় দায়ী তো আমারই মতো  
ধ্বংসের দায়ভাগ ভুলে যাওয়া মানুষ রয়েছে যত ।  
ভুলে যাই বড় তাড়াতাড়ি সব ভুলে যাই আজকাল  
ভুলে গেছি কবে খুন হয়েছিল সফদার রজলাল ।  
ভুলে গেছি কবে কোন্ পরিবার খাবার ছিল না ব'লে  
ফলিডলমাখা পাসপোর্ট নিয়ে ভিন দেশে গেল চলে ।  
ভুলে গেছি কোন্ বেকার শ্রমিক উপোস করল তাই  
তার বউ হলো বেশ্যা এখন আমি গান গেয়ে যাই ।  
ভুলে গেছি কবে অবনী নাইয়া স্ট্রিয়ারিং ছেড়ে দিয়ে  
বেপরোয়া হয়ে ব্রেক কবোঁছিল তিনমহিলাকে নিয়ে ।  
বানতলা গিয়ে অনীতা দেওয়ান লাস হয়ে প'ড়ে থাকে  
বিস্মৃতি দিয়ে আমরা আবার খতম করেছি তাকে ।  
ভুলে গেছি কেন কয়েক হাজার বউ পুড়ে হলো ছাই  
কোনো দলে কেউ নাম লেখায় নি শহীদ হলো না তাই ।

আপনাকেও কি শহীদ বলাটা ব্যাকরণ মতো হবে  
শঙ্করবাবু, দলমত ভুলে আমরা দাঁড়াব কবে ।